

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:২৭

া আরবি মূল আয়াত:

فَمَنَّ اللَّهُ عَلَينَا وَ وَقٰبنَا عَذَابَ السَّمُومِ ﴿٢٧﴾

🗚 অনুবাদসমূহ:

'অতঃপর আল্লাহ আমাদের প্রতি দয়া করেছেন এবং আগুনের আযাব থেকে আমাদেরকে রক্ষা করেছেন।' — আল-বায়ান

অবশেষে আল্লাহ আমাদের প্রতি অনুগ্রহ করেছেন আর আমাদেরকে ঝলসে দেয়া বাতাসের 'আযাব থেকে রক্ষা করেছেন। — তাইসিরুল

অতঃপর আমাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছেন এবং আমাদেরকে অগ্নির শাস্তি হতে রক্ষা করেছেন, — মুজিবুর রহমান

So Allah conferred favor upon us and protected us from the punishment of the Scorching Fire. — Sahih International

২৭. অতঃপর আমাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছেন এবং আমাদেরকে আগুনের শাস্তি থেকে রক্ষা করেছেন।

তাফসীরে জাকারিয়া

- (২৭) অতঃপর আমাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করেছেন এবং আমাদেরকে উত্তপ্ত ঝড়ো হাওয়ার শাস্তি হতে রক্ষা করেছেন। [1]
 - [1] سَمُوْمٌ लू-হাওয়া। ঝলসে দেয় এমন গরম হাওয়াকে বলে। আর এটা জাহান্নামের নামসমূহের একটি নামও বটে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4762

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন